

ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত আন্তর্জাতিক সমুদ্র মহড়ায় অংশগ্রহণ শেষে দেশে ফিরেছে নৌবাহিনী যুদ্ধজাহাজ ‘সমুদ্র অভিযান’

ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত আন্তর্জাতিক সমুদ্র মহড়া “3rd Multilateral Naval Exercise Komodo (MNEK-2018)” তে অংশগ্রহণ শেষে নৌবাহিনীর যুদ্ধজাহাজ ‘সমুদ্র অভিযান’ বৃহস্পতিবার (২৪-০৫-২০১৮) সকালে চট্টগ্রাম নৌ জেটিতে এসে পৌঁছায়। এসময় নৌবাহিনীর প্রচলিত প্রথা অনুযায়ী সুসজ্জিত বাদকদল বাদ্য পরিবেশনের মাধ্যমে জাহাজটিকে স্বাগত জানায়।



ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত আন্তর্জাতিক সমুদ্র মহড়া “3rd Multilateral Naval Exercise Komodo (MNEK-2018)” তে অংশগ্রহণ শেষে নৌবাহিনীর যুদ্ধজাহাজ ‘সমুদ্র অভিযান’ আজ বৃহস্পতিবার (২৪-০৫-২০১৮) সকালে চট্টগ্রাম নৌ জেটিতে এসে পৌঁছায় ছবি :- আইএসপিআর

উক্ত সময় কমান্ডার বিএন ফ্লিট রিয়ার এডমিরাল এম আশরাফুল হক, এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসিসহ স্থানীয় উচ্চপদস্থ নৌ কর্মকর্তা এবং জাহাজে গমনকারী কর্মকর্তা ও নাবিকদের পরিবারবর্গ উপস্থিত ছিলেন।

গত ৪ হতে ৯ মে ২০১৮ পর্যন্ত ইন্দোনেশিয়ার লম্বক দ্বীপে অনুষ্ঠিত আন্তর্জাতিক সমুদ্র মহড়ায় নৌবাহিনী যুদ্ধজাহাজ ‘সমুদ্র অভিযান’ বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ করে। উক্ত মহড়ায় সহকারী নৌবাহিনী প্রধান (পার্সোনেল) রিয়ার এডমিরাল মোহাম্মদ শাহীন ইকবাল, (ট্যাজ), এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি অংশগ্রহণ করেন। তাছাড়া অধিনায়ক ক্যাপ্টেন এম মনিরুজ্জামান, (ট্যাজ), পিএসসি, বিএন এর নেতৃত্বে সর্বমোট ২৬৯ জন উক্ত নৌ মহড়ায় যোগদান করে। জাহাজটি যাত্রাপথে গত ২৪ হতে ২৭ এপ্রিল মালয়েশিয়ার পোর্ট ক্লাং-এ এবং দেশে ফেরার পথে ১৬ হতে ২০ মে থাইল্যান্ডের ফুকেট বন্দরে শুভেচ্ছা সফরে গমন করে।

নৌবাহিনী যুদ্ধ জাহাজের এ ধরনের মহড়ায় অংশগ্রহণ বহির্বিদেশে দেশের সুনাম বৃদ্ধির পাশাপাশি বহুপাক্ষিক সুসম্পর্ক জোরদার করবে বলে আশা করা যায়। উল্লেখ্য, উক্ত মহড়ায় অংশ নিতে বাংলাদেশ নৌবাহিনী যুদ্ধজাহাজ ‘সমুদ্র অভিযান’ গত ১৮ এপ্রিল ২০১৮ তারিখে বাংলাদেশ ত্যাগ করে।